# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১২৩৪

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৭৯. মুসাফির কখন পূর্ণ সালাত আদায় করবে?

باب مَتَى يُتِمُّ الْمُسَافِرُ

---

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، وَابْنُ الْمُثَنَّى، ـ وَهَذَا لَفْظُ ابْنِ الْمُثَنَّى ـ قَالاَ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ، ـ قَالَ ابْنُ الْمُثَنَّى ـ قَالَ أَخْبَرَنِي عَبْدُ اللهِ بْنُ مُحَمَّدِ بْنِ عُمَرَ بْنِ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، أَنَّ عَلِيًّا، كَانَ إِذَا سَافَرَ سَارَ بَعْدَ مَا تَغْرُبُ الشَّمْسُ حَتَّى تَكَادَ أَنْ تُظْلِمَ، ثُمَّ يَنْزِلُ فَيُصَلِّي الْمَغْرِبَ، ثُمَّ يَدْعُو بِعَشَائِهِ فَيَتَعَشَّى، ثُمَّ يُصَلِّي الْعِشَاءَ، ثُمَّ يَرْتَحِلُ وَيَقُولُ: هَكَذَا كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَصْنَعُ . قَالَ عُثْمَانُ عَنْ عَبْدِ اللهِ بْنِ مُحَمَّدِ بْنِ عُمَرَ بْنِ عَلِيٍّ سَمِعْتُ أَبَا دَاوُدَ يَقُولُ : وَرَوَى أُسَامَةُ بْنُ زَيْدٍ عَنْ حَفْصِ بْنِ عُبَيْدِ اللهِ يَعْنِي ابْنَ أَنَسِ بْنِ مَالِكٍ أَنَّ أَنَسًا كَانَ يَجْمَعُ بَيْنَهُمَا حِينَ يَغِيبُ الشَّفَقُ وَيَقُولُ : كَانَ النَّبِيُّ صلي الله عليه وسلم يَصْنَعُ ذَلِكَ

ـ صحيح

وَرِوَايَةُ الزُّهْرِيِّ عَنْ أَنَسٍ عَنِ النَّبِيِّ صلي الله عليه وسلم مِثْلُهُ

বাংলা

১২৩৪। ’আবদুল্লাহ ইবনু মুহাম্মাদ ইবনু ’উমার ইবনু ’আলী ইবনু আবূ তালিব (রহঃ) হতে তার পিতা ও তার দাদার সুত্রে বর্ণিত। ’আলী (রাঃ) সফরকালে সূর্যাস্তের পরও চলা অব্যাহত রাখতেন। অবশেষে অন্ধকার ঘনিয়ে এলে বাহন থেকে নেমে মাগরিবের সালাত আদায় করতেন। তারপর রাতের খাবার চেয়ে নিয়ে তা খাওয়ার পর ’ইশার সালাত আদায় করতেন। অতঃপর আবার রওয়ানা দিতেন এবং বলতেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এরূপ করতেন। ’আবদুল্লাহ ইবনু মুহাম্মাদ ইবনু ’উমার ইবনু ’আলীর সূত্রে ’উসমান বলেন, আমি আবূ দাউদ (রহঃ)-কে বলতে শুনেছি, উসামাহ ইবনু যায়িদ, হাফস ইবনু ’উবায়দুল্লাহ অর্থাৎ আনাস ইবন মালিকের পুত্র

হতে বর্ণনা করেন, আনাস (রাঃ) পশ্চিমাকাশের লালিমা দূরীভূত হবার পর উভয় সালাত একত্রে আদায় করতেন এবং বলতেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এরূপ করতেন।[1]

সহীহ।

যুহরী হতে আনাস (রাঃ) সূত্রে অনুরূপ মারফূ' বর্ণনা রয়েছে।

## English

Narrated Ali ibn AbuTalib ; Anas ibn Malik:

Muhammad reported from his father, Umar, on the authority of his grandfather, Ali ibn AbuTalib: When Ali travelled, he continued to travel till it became nearly dark. He then alighted and offered the sunset prayer. Then he would call for his dinner and eat it. Then he prayed the night prayer and then moved off.

He would say: This is how the Messenger of Allah (ﷺ) used to do.

Usamah ibn Zayd reported from Hafs ibn Ubaydullah, the son of Anas ibn Malik: Anas would combine them (the evening and night prayer) when the twilight disappeared.

He said: The Prophet (ﷺ) used to do so. Az-Zuhri also reported similarly on the authority of Anas from the Prophet (ﷺ).

### ফুটনোট

[1] আহমাদ (হাঃ ১১৪৩) 'আবদুল্লাহ ইবনু মুহাম্মাদ ইবনু 'উমার হতে। শায়খ আহমাদ শাকির বলেনঃ এর সানাদ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58552

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন